গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
স্থানীয় সরকার শাখা

.জেলা পর্যায়ে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	দেওয়ান মাহবুবুর রহমান জেলা প্রশাসক
সভার তারিখ	০৬ আগস্ট, ২০২৩ খ্রি.
সভার সময়	সকাল ১০.০০ টা
স্থান	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব জনাব জালাল উদ্দীন, উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় অবহিত করেন যে, বর্তমানে জেলায় ডেঙ্গুর প্রদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় এ সভা আয়োজন করা হয়েছে। সভায় তিনি ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশনার অনুচ্ছেদ নং- ৬-এ বর্ণিত জেলা পর্যায়ে করণীয় বিষয়গুলো সভাকে অবহিত করেন। এরপর তিনি সভাপতি মহোদয়কে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে দিকনির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করেন।

সভাপতির বক্তব্য: সভাপতি জনাব দেওয়ান মাহবুবুর রহমান, জেলা প্রশাসক, নোয়াখালী সভায় জানান যে, বর্তমানে ডেঙ্গু করোনার চেয়েও মহামারি আকার ধারণ করেছে। প্রতিনিয়ত মানুষ ডেঙ্গুতে আক্রান্ত হচ্ছে এবং দ্রুত মারা যাচ্ছে। কিন্তু করোনার মতো সচেতনতা না থাকায় সময়মত ডেঙ্গু পরীক্ষা করা হচ্ছে না। ফলে ডেঙ্গু রোগী সনাক্ত করা যাচ্ছে না বিধায় এর সঠিক তথ্য পাওয়া যাচ্ছে না। এটি নিয়ন্ত্রণে পৌরসভাসহ সংশ্লিষ্ট সকল দপ্তরকে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণসহ সচেতনতামূলক প্রচার কার্যক্রম চালানো, পৌর এলাকার ড্রেনসমূহ পরিস্কার করা, এডিশ মশা নিধনে নিয়মিত মশার ঔষধ স্প্রে করা এবং পৌর বাজার ও সোনাপুর বাজারে ময়লা/বর্জ্য যতদ্রুত সম্ভব অপসারণ করার বিষয়ে নোয়াখালী পৌরসভাকে নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া সভাপতি সকল পৌরসভাকে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রাখাসহ এডিস মশা নিধনে ও এর লার্ভা ধ্বংসে নিয়মিত মশানাশক স্প্রে কার্যক্রম পরিচালনা করা এবং পৌরসভার অধীন সকল ড্রেন পরিস্কার রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। ডেঙ্গু নিয়ন্ত্রণে উপস্থিত সংশ্লিষ্ট সকল দপ্তরের প্রধান, পৌরসভার প্রতিনিধিগণকে মাইকিং, সামাজিক সচেতনতা সৃষ্টি এবং জেলা ও উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ প্রতিদিন পাঠদান কক্ষে শিক্ষার্থীদের ডেঙ্গুর বিষয়ে অবহিত করার নিমিত্ত সচেতনতামূলক কর্মসূচি গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে অন্যান্য করণীয় সম্পর্কে অবহিত / দিক নির্দেশামূলক বক্তব্য রাখার জন্য উপস্থিত সংশ্লিষ্ট সকলকে আহ্বান করেন।

০১। জেলা কমিটির সদস্য সিভিল সার্জন, নোয়াখালীর প্রতিনিধি জনাব ডা: যিশু দাস, মেডিকেল অফিসার সভায় জানান, জেলায় ডেঙ্গু আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য জেনারেল হাসপাতাল, নোয়াখালীসহ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলো ডেঙ্গু কর্নার চালু করা হয়েছে। জেলায় অদ্য পর্যন্ত ডেঙ্গু রোগীর আক্রান্তের সংখ্যা ২৭৩ জন, মৃত্যু-০১ জন (মৃত ব্যক্তির বাড়ি রামগতি, লক্ষ্মীপুর)। ডেঙ্গু প্রতিরোধে পৌরসভাসহ গ্রামাঞ্চলের জনসাধারণকে সচেতনতা সৃষ্টিসহ জ্বর হলে প্রাথমিক পর্যায়ে শুধুমাত্র প্যারাসিটামল সেবন ও ডেঙ্গুর উপসর্গ দেখা দিলে টেষ্ট করানো এবং ডাক্তারের পরামর্শ অনুযায়ী হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করেন।

০২। জেলা কমিটির সদস্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নোয়াখালী সভার জানান যে, অত্র সভার সিদ্ধান্ত অনুযায়ী / নির্দেশনা মোতাবেক জেলা পরিষদ, নোয়াখালী কর্তৃক ডেঙ্গু রোগ প্রতিরোধে সার্বিক সহযোগিতা প্রদান করা হবে। উক্ত রোগ প্রতিরোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে জেলা ও উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন করাসহ ছাত্র-ছাত্রীদের ডেঙ্গু সম্পর্কে সচেতন করতে হবে। এ ছাড়া তিনি ডেঙ্গু রোগ সনাক্ত করতে সময়মত রোগী টেস্ট করানোর বিষয় হাসপাতাল গুলোকে সার্বিক সহযোগিতা করার জন্য নির্দেশনা প্রদানের জন্য সিভিল সার্জন, নোয়াখালীর প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে সভা নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টি কার্যক্রম গ্রহণসহ জেলার সকল সরকারি-বেসরকারি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও, ব্যবসা প্রতিষ্ঠান স্ব স্ব প্রতিষ্ঠানের অফিস প্রধানে নেতৃত্বে আনুষ্ঠানিকভাবে মশকের প্রজননস্থল বিনষ্টে 'পরিচ্ছন্নতা কার্যক্রম' পরিচালনা (প্রয়োজনের পৌরসভার সহযোগিতা নিতে হবে) করবেন। পরবর্তী উক্ত পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। বিভাগীয় /দপ্তর /অফিস প্রধান (সকল), নোয়াখালী ২। মেয়র (সকল) পৌরসভা, নোয়াখালী ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী
০২.	ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে করণীয় বিষয়াবলি শিক্ষকদের প্রশিক্ষণে অন্তর্ভুক্তকরণ এবং শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করে এডিস মশার প্রজননস্থল (যেমন: ভবনের ছাদ, নির্মাণধীন ভবন, ফুলের টব, বাগান, ছাদে জমা থাকা স্বচ্ছ পানি ইত্যাদি) অবহিত করা ও তা নিয়মিত পরিস্কার করা এবং তাদের নিজস্ব বাসগৃহ ও শিক্ষা প্রতিষ্ঠানে মশার প্রজননস্থল ধ্বংসে উদ্ধুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী ২। জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নোয়াখালী
০৩.	ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকার অনুচ্ছেদ নং- ৪ পৌরসভার পর্যায়ের (ওয়ার্ড কমিটিসহ) গঠিত কমিটির করণীয় ও অনুচ্ছেদ নং- ৫ মোতাবেক ইউনিয়ন পর্যায়ের (ওয়ার্ড কমিটিসহ) গঠিত কমিটির করণীয় মোতাবেক সংশ্লিষ্ট কমিটিগুলো সক্রিয়করণসহ সমাজের সকল শ্রেণি/পেশার মানুষকে কার্যক্রমে সম্পৃক্ত করে কমিটিসমূহের সভা আহ্বান নিশ্চিতসহ ডেঙ্গু রোগ প্রতিরোধে যথাযথ ও কার্যকর ব্যবস্থা গ্রহণপূর্বক এ কার্যালয়কে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	১। মেয়র (সকল) পৌরসভা, নোয়াখালী ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী ২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), নোয়াখালী
০৪.	এডিস মশা লার্ভার উৎসস্থল বিনষ্টে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমসহ প্রয়োজনে এবং পৌরসভার চাহিদানুযায়ী আইনি পদক্ষেপ হিসেবে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) নোয়াখালী ৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), নোয়াখালী ৫। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), নোয়াখালী
০৫.	ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকার সংযুক্তি-১ এর নমুনা ছক মোতাবেক ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ কার্যক্রমের কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক (পৌরসভা ও ইউনিয়নের) আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ এবং পরবর্তীতে তা সমন্বিত আকারে বিভাগীয় কমিশনারের কার্যালয় (পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বরাবর), চট্টগ্রাম প্রেরণ করা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। মেয়র (সকল) পৌরসভা, নোয়াখালী ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী ২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), নোয়াখালী

দেওয়ান মাহবুবুর রহমান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫০০.০০৯.০৬.০০২.২৩.১৭৩ তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩০

০৭ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সচিব, স্থানীয় সরকার বিভাগ

৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম

৪) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম

৫) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী

৬) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, নোয়াখালী

৭) জেলা কর্মকর্তা (সকল), নোয়াখালী

৮) মেয়র (সকল), নোয়াখালী

৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নোয়াখালী

১০) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী

১১) জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্টের কার্যালয়, নোয়াখালী

১২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী

১৩) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, নোয়াখালী

১৪) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নোয়াখালী

১৫) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নোয়াখালী

১৬) উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, নোয়াখালী

১৭) উপপরিচালক , উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নোয়াখালী

১৮) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নোয়াখালী

১৯) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ কার্যালয়, নোয়াখালী

২০) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী

২১) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, নোয়াখালী

২২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, নোয়াখালী

২৩) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, নোয়াখালী

২৪) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর,নোয়াখালী

২৫) জনাব মোজাম্মেল হক মিলন, সাবেক কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ড, নোয়াখালী

২৬) মুফতী দেলোয়ার হোসাইন, খতিব, জেলা জামে মসজিদ, নোয়াখালী

২৭) জনাব কাজী রফিক উল্যাহ, সাবেক অধ্যক্ষ, নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী

২৮) জনাব এ.কে.এম সায়েফ উদ্দিন (সোহান), সভাপতি, নোয়াখালী জেলা বণিক সমিতি, নোয়াখালী

২৯) জনাব মো: নুরুজ্জামান, জেলা প্রতিনিধি, ব্র্যাক, নোয়াখালী

৩০) জনাব আনোয়ারুল ইসলাম(পারভেজ মোল্লা), সভাপতি, আলোকিত মানবিক অর্গানাইজেশন, নোয়াখালী

দেওয়ান মাহবুবুর রহমান

জেলা প্রশাসক